# সেন্টমার্টিন উপকূলে ৪০ জেলে অপহরণ, আরাকান আর্মির দায় স্বীকার



সংগৃহীত ছবি

কক্সবাজারের সেন্টমার্টিন উপকূল থেকে পাঁচটি ট্রলারসহ অন্তত ৪০ জেলেকে ধরে নিয়ে গেছে মিয়ানমারের বিদ্রোহী সংগঠন আরাকান আর্মি। বুধবার (১০ সেপ্টেম্বর) বিকেলে এ ঘটনা ঘটে। এর আগে গত এক মাসে একই গোষ্ঠী একাধিকবার বাংলাদেশি জেলেদের অপহরণ করেছে।

কক্সবাজারের টেকনাফ মিয়ানমার সীমান্তে সেন্টমার্টিন দ্বীপসংলগ্ন দক্ষিণ-পূর্ব সাগর থেকে আরও এক দফা বাংলাদেশি জেলেকে অপহরণ করেছে আরাকান আর্মি। বুধবার (১০ সেপ্টেম্বর) বিকেল ৫টার দিকে অন্তত পাঁচটি মাছ ধরার ট্রলারসহ প্রায় ৪০ জেলেকে ধরে নিয়ে যায় সংগঠনটির সশস্ত্র সদস্যরা।

টেকনাফ পৌর বোট মালিক সমিতির সভাপতি সাজেদ আহমেদ জানান, অপহৃত ট্রলারগুলোর মধ্যে তিনটির মালিক টেকনাফ পৌর এলাকার বাসিন্দা ও দুটির মালিক শাহপরীরদ্বীপের বাসিন্দা। তবে জেলেদের নাম-পরিচয় এখনো পাওয়া যায়নি। ঘটনার সময় অন্তত ২০-৩০টি ট্রলার সাগরে মাছ ধরছিল। হঠাৎ দুটি স্পিডবোটে করে আসা আরাকান আর্মির সদস্যরা অস্ত্রের মুখে পাঁচটি ট্রলারসহ জেলেদের ধরে নিয়ে যায়।

LENS ASIA

ঘটনার পর বিজিবি, কোস্ট গার্ড ও প্রশাসনকে অবহিত করা হয়েছে বলে জানিয়েছেন বোট মালিক সমিতির সাধারণ সম্পাদক আবুল কালাম। তবে কতজন জেলে অপহৃত হয়েছেন, তার সঠিক সংখ্যা নিশ্চিত করা যায়নি।

এদিকে আরাকান আর্মির নিজস্ব ওয়েবসাইটে জেলেদের অপহরণের একটি ছবি প্রকাশ করা হয়েছে।

টেকনাফ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শেখ এহসান উদ্দিন বলেন, স্থানীয়দের কাছ থেকে অপহরণের খবর পাওয়া গেছে। বিস্তারিত জানার জন্য তথ্য সংগ্রহ চলছে।

প্রসঙ্গত, এর আগে ৫ থেকে ৩১ অগাষ্ট পর্যন্ত ১৩টি ট্রলারসহ ৮১ জন জেলেকে অপহরণ করেছিল আরাকান আর্মি, যাদের এখনো ফেরত পাওয়া যায়নি। গত বছরের ডিসেম্বর থেকে চলতি সেপ্টেম্বর পর্যন্ত সংগঠনটি মোট ৩২৫ জন জেলেকে ধরে নিয়ে গেছে। এর মধ্যে বিজিবির উদ্যোগে ১৮৯ জন জেলে ও ২৭টি নৌযান ফেরত আনা সম্ভব হয়েছে।